46

তারিখ 08 MAY 1997
পৃষ্ঠা 2 কলাম 4

দৈনিক ইনকিলাব

ছাত্রলীগ-ছাত্র দল মুখোমুখি

# রাজশাহী চট্টগ্রামের পর এবার ইসলামী ভার্সিটি ক্যাম্পাস উত্তপ্ত

ইসলামী বিশ্ববিদ্যালয় রিপোর্টার (৭ মে, কুষ্টিয়া) ঃ ছাত্রলীগ (শা-পা) কর্তৃক রাজনৈতিক আচরণ বিধির সিডিউল বহির্ভূত বিক্ষোভ মিছিল আয়োজন এবং বিশ্ববিদ্যালয় লাইব্রেরীয়ানকে চাঁদা না দেয়ার কারণে মৃত্যুর হুমকি প্রদানের প্রেক্ষিতে ইসলামী বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস আবার উত্তপ্ত হয়ে উঠেছে। যে কোন সময় রক্তক্ষয়ী সংঘর্ষের আশঙ্কায় ক্যাম্পাসের থমথমে পরিবেশ বিরাজ করছে। প্রয়োজনীয়সংখ্যক পরিবহন বরাদ্দের দাবীতে ও পরিবহন কর্মকর্তার সীমাহীন দুর্নীতির অভিযোগ এনে জাতীয়তাবাদী ছাত্র দল কর্তৃক বিক্ষোভ মিছিল ও সমাবেশ চলাকালে ছাত্র লীগ (শা-পা)-এর উত্তেজনাকর শ্লোগানসহকারে ক্যাম্পাসে ত্রাস সৃষ্টির ফলে উভয় দল মুখোমুখি অবস্থান গ্রহণ করেছে। এ সময় প্রশাসনিক ভবনে ভাঙচুর ও পরিবহন কর্মকর্তার দুর্নীতির প্রশ্রয় দিয়ে ছাত্র লীগের সন্ত্রাসীরা মারমুখী অবস্থান গ্রহণ করে। এই অবস্থায় ঝিনাইদহ-কুষ্টিয়াগামী বিশ্ববিদ্যালয় পরিবহনগুলোকে গেটের সামনে অবরুদ্ধ অবস্থায় থাকতে দেয়া যায়। পরবর্তীতে প্রায় দু'ঘন্টা পর ছাত্র দল কর্তৃক অবরোধ কর্মসূচীর প্রত্যাহার শেষে দুপুর ১টায় পরিবহনসমূহ ক্যাম্পাস ত্যাগ করে। গতকাল পরিবহন সংক্রান্ত বিষয়ে ছাত্র দলের সাথে কর্তৃপক্ষের বৈঠকে বসার কথা থাকলেও অজ্ঞাত কারণবশতঃ পরবর্তীতে

কর্তৃপক্ষ অস্বীকৃতি জ্ঞাপন করায় ছাত্র দল এ বিক্ষোভের আয়োজন করে। উল্লেখ্য, দীর্ঘদিন থেকে ইসলামী বিশ্ববিদ্যালয় পরিবহন কর্মকর্তার দুর্নীতি ও অর্থ আত্মসাতের অভিযোগে ছাত্র-ছাত্রীরা বিক্ষোভ ও আন্দোলন চালিয়ে যাওয়া সত্ত্বেও সরকারী দলের সন্ত্রাসীদের হাত করে যান্ত্রিক ত্রুটিপূর্ণ পরিবহন ভাড়া করে পরিবহন কর্মকর্তা বিপুল অর্থ আত্মসাত ও ছাত্র-ছাত্রীদের দুর্ভোগের নেতৃত্ব দিয়ে আসছে বলে জানা গেছে। কিন্তু পরিবহন কর্মকর্তার কথিত দুর্নীতির যোগসাজশের শেকড় অনেক উপর মহলের সাথে সংশ্লিষ্ট

১১-এর পৃঃ ৮-এর কঃ দেখুন

## ইসলামী ভার্সিটি

প্রথম পৃষ্ঠার পর

থাকায় বিশ্ববিদ্যালয় নিজস্ব পরিবহন চালু করার পরিবর্তে পাবলিক বাস ভাড়া করার মাধ্যমে তার দুর্নীতি চালিয়ে যাচ্ছেন বলে সূত্রমতে প্রকাশ।

এদিকে বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় লাইব্রেরীয়ানের কাছ থেকে ৫০ হাজার টাকা চাঁদা দাবী করে ছাত্র লীগের মামুন ৬টি তাজা গুলী প্রদর্শন করার ফলে লাইব্রেরীর কর্মকর্তা-কর্মচারীরা আতংকের মধ্যে দিন কাটাচ্ছেন। তারা এ ব্যাপারে ভাইস চ্যান্সেলর বরাবর বিচার দাবী করতে যাচ্ছে বলে জানা গেছে। বই ক্রয়ের জন্য বরাদ্দকৃত অর্থ থেকে ছাত্র লীগের মামুন ৫০ হাজার টাকা চাদা দাবী করে। কিন্তু লাইব্রেরীয়ান উক্ত চাঁদা দিতে অস্বীকার করায় মৃত্যুর হুমকি দিয়ে ৬টি তাজা গুলী লাইব্রেরীয়ানের টেবিলে রেখে যায়। লাইব্রেরীর সংশ্লিষ্ট কর্মকর্তা ও কর্মচারীরা অবশ্য এ ব্যাপারে প্রাণভয়ে মুখ খুলছেন না। ইসলামী ছাত্র শিবির ক্যাম্পাসে ছাত্র লীগের চাঁদাবাজি সশস্ত্র মহড়া ও পরিবহন খাতের দুর্নীতির বিরুদ্ধে এক বিক্ষোভ মিছিল ও সমাবেশ করে। শাখা সভাপতির নেতৃত্বে উক্ত সমাবেশে অন্যান্য ছাত্র নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

সর্বশেষ খবরে জানা গেছে, ক্যাম্পাসে উত্তেজনাকর পরিস্থিতির প্রেক্ষিতে কর্তৃপক্ষ দুই শতাধিক পুলিশ মোতায়েন করেছে।